# সচরাচর করা প্রশ্ন সমূহ

## প্রাথমিক নির্বাচন কি?

একটি প্রাথমিক নির্বাচন নির্ণয় করে কোন প্রার্থী নির্বাচনী আসনের জন্য দলের মনোনয়ন পাবেন, এবং তা তখনই অনুষ্ঠিত হয় যখন দুই বা তার অধিক প্রার্থী ব্যালটে নাম তোলার সব কটি ধাপ সফলভাবে উত্তীর্ণ হয়ে আসেন। প্রাথমিক নির্বাচনের বিজয়ী প্রার্থী নভেম্বর মাসের সাধারণ নির্বাচনে সেই দলের মনোনীত প্রার্থী হিসাবে নির্বাচন করবেন।

আপনি কেবল মাত্র আপনার দল দ্বারা আয়োজিত প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারবেন। যেমন আপনি যদি ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির নিবন্ধিত সদস্য হন, তাহলে আপনি শুধু প্রাথমিকেই ভোট দিতে পারবেন, ডেমোক্র্যাটিক বা রিপাবলিকানের প্রাথমিকে নয়।

## আমি কি প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারি ?

আপনি যদি নিবন্ধিত ভোটার হিসাবে এমন কোনো দলে তালিকাভুক্ত হয়ে থাকেন (নির্দিষ্ট সময় সীমার মধ্যে) যে দল প্রাথমিক নির্বাচনের আয়োজন করছে তাহলে আপনি প্রাথমিকে ভোট দিতে পারবেন। আপনার যোগ্যতার বিষয়ে যদি নিশ্চিত না হন তাহলে BOE এর সাথে যোগাযোগ করুন।

## রানঅফ প্রাথমিক নির্বাচন কাকে বলে এবং তাতে কি আমি ভোট দিতে পারি?

সিটিব্যাপী পদের জন্য (মেয়র, পাবলিক অ্যাডভোকেট অথবা কম্পট্রোলার) যদি কোনো প্রার্থী প্রাথমিক নির্বাচনের মোট ভোটের অন্তত ৪০% না পান, তাহলে সর্বাধিক ভোট প্রাপ্ত দুই জন প্রার্থীর মধ্যে একটি রানঅফ প্রাথমিক নির্বাচন করা হয়। আপনি যদি প্রাথমিকে ভোট দেয়ার যোগ্য হন তাহলে যে দলে আপনি তালিভুক্ত তার যে কোনো রানঅফ প্রাথমিকেও আপনার ভোট দেয়ার যোগ্যতা আছে।

## সাধারণ নির্বাচন কি এবং আমি কি তাতে ভোট দিতে পারি?

সাধারণ নির্বাচনে বিভিন্ন দলের প্রার্থীগণ নির্বাচনী আসনে বিজয়ী হবার লক্ষে প্রতিদ্বন্দ্বিতা করেন। ব্যালটের প্রতিটি আসনে যে কোনো দলের যে কোনো প্রার্থীর পক্ষে আপনি ভোট দিতে পারেন। আপনি ব্যালট প্রস্তাবনাতেও "হ্যা" বা "না" সূচক ভোট দিতে পারেন। নির্দিষ্ট সময়ের ভিতরে যে সকল ভোটারগণ নিবন্ধিত হয়েছেন তাদের সাধারণ নির্বাচনে ভোট দেয়ার যোগ্যতা আছে।

## ব্যালট প্রস্তাবনা কি?

ব্যালট প্রস্তাবনা হচ্ছে যখন ভোটারগনের সিদ্ধান্তের লক্ষে ব্যালটে একটা প্রশ্ন উত্থাপিত হয়। ব্যালটের প্রশ্নগুলো বন্ড ইস্যু সংক্রান্ত হতে পারে অথবা নিউ ইয়র্ক স্টেট সংবিধানের প্রস্তাবিত সংশোধন অথবা নিউ ইয়র্ক সিটি চার্টারের সংশোধন। কোনো কোনো ক্ষেত্রে জনৈক ব্যক্তি বা গোষ্ঠী ব্যালটে কোনো প্রশ্ন উত্থাপনের জন্য একটি পিটিশন জমা দেন।

## ভোট দেয়ার জন্য কি ভাবে নিবন্ধিত হতে হয়?

আপনি BOE– এর ওয়েবসাইট থেকে নিবন্ধন ফর্ম ডাউনলোড করতে পারেন, স্থানীয় BOE অফিস থেকে সংগ্রহ করতে পারেন অথবা ডাক যোগে পাওয়ার জন্য এ নাম্বারে অনুরোধ করুন 866-VOTE-NYC

## আমি জানি না ভোট দেয়ার জন্য আমি নিবন্ধিত কি না ---আমি কি ভাবে খোজ করবো? ?

ভোটার রেজিস্ট্রেশন লুক আপ ব্যবহার করুন (যা NY স্টেট বোর্ড অফ ইলেকশনস দ্বারা পরিচালিত) অথবা সাহায্যের জন্য ভোটার হটলাইনে কল করুন।

## আমার নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হতে পারে?

আপনার নিবন্ধনের কোনো মেয়াদ নেই, কিন্তু আপনি যদি শেষের দুইটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন অথবা আপনি অন্য জায়গায় চলে গিয়ে থাকেন এবং আপনার ঠিকানা BOE–এর সাথে হালনাগাদ করেন নাই তবে সেটা বাতিল হয়ে যেতে পারে ।

## যদি এমন হয় যে, শেষ বার ভোট দেয়ার পর আমি অন্য জায়গায় চলে গেছি (নিউ ইয়র্ক সিটির মধ্যে)?

আপনি যখন অন্য জায়গায় চলে যান, নিউ ইয়র্ক স্টেট আইনের বিধান মতে ২৫ দিনের মধ্যে BOE কে ঠিকানা পরিবর্তনের বিষয়ে অবগত করতে হবে। নতুন নিবন্ধন ফর্মে "ভোটিং তথ্য যার পরিবর্তন হয়েছে" উল্লেখিত বাক্সসহ সব তথ্যাদি দিয়ে পূরণ করে জমা দিয়ে এটা করবেন। আপনার নতুন এবং পুরনো ঠিকানা দিন, যে দলে তালিকাভুক্ত হতে চান সেই দলের বাক্সএ টিক চিহ্ন দিন (পুরনো ঠিকানায় কোনো দলে তালিকাভুক্ত হওয়া সত্বেইও আবার লিখুন) এবং আরো কোনো তথ্যের অনুরোধ করে হলে তা দিন। যদি অন্য জায়গায় চলে গিয়ে থাকেন কিন্তু নির্দিষ্ট সময় সীমার মধ্যে ঠিকানা পরিবর্তন করেন নাই, তবে আপনি নতুন ভোট কেন্দ্রে গিয়ে অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিন। আপনার ঠিকানা পরিবর্তনের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কি না তা ভোটার হটলাইনে কল করে খোজ করুন।

## যখন ভোট দেয়ার জন্য স্বাক্ষর করবো তখন যদি আমার নাম তালিকায় না থাকে?

প্রথমে নিশ্চিত করুন যে আপনি ভোট দেয়ার জন্য আপনার অ্যাসেম্বলি ও নির্বাচনী ডিস্ট্রিক্ট এর সঠিক টেবিলে স্বাক্ষর করেছেন কি না। প্রতিটি নির্বাচনের আগে সকল নিবন্ধিত ভোটারগণকে CFB দ্বারা ভোটার গাইড এর মেইলিং লেবেল পাঠানো হয় এবং BOF–এর মেইলার সহ সব কিছুতেই ডিস্ট্রিক্ট নাম্বার ছাপানো আছে। যদি আপনার সাহায্যের প্রয়োজন হয় তাহলে প্রতিটি নির্বাচন কেন্দ্রে একজন নির্বাচন কর্মীকে পাওয়া যাবে যে আপনার নাম ও ঠিকানা দিয়ে আপনি কোন ডিস্ট্রিক্ট এ বসবাস করেন তা বের করে দিতে পারবে। যখন আপনি নিশ্চিত যে, আপনি সঠিক টেবিলে গিয়ে স্বাক্ষর করছেন, তার পরও আপনার নাম যদি নির্বাচনী তালিকায় না থাকে, কারণ এটা হতে পারে যে BOE আপনার নিবন্ধনের ফর্মটি পায়নি। আপনি যদি বিশ্বাস করেন যে, আপনি ভোট প্রদানে যোগ্য তাহলে আপনি ভোট দিতে পারবেন। কোনো নির্বাচনী কর্মীকে অ্যাফিডেভিট ব্যালটের ব্যাপারে জিজ্ঞাসা করুন এবং নির্দেশগুলো মেনে চলুন। নির্বাচনের পর BOE তাদের রেকর্ড খতিয়ে দেখবে এবং আপনার যোগ্য থাকেন তবে আপনার ভোটটি গণনা করা হবে। যদি তা না হয় তবে আপনি একটি নোটিশ পাবেন যে আপনার ভোট দেয়ার যোগ্যতা ছিল না এবং পরবর্তী নির্বাচনে ভোট দেয়ার নিবন্ধন ফর্ম পাবেন।

## নির্বাচনের দিনে আমার ভোট কেন্দ্রে যদি যেতে না পারি?

যদি কাউন্টি বা নিউ ইয়র্ক সিটি নির্বাচনের দিনে, সাময়িক বা স্থায়ী অসুস্থতা অথবা শারীরিক অক্ষমতা, হাসপাতালে ভর্তি, এক বা একাধিক অসুস্থ বা অক্ষম ব্যক্তির প্রাথমিক পরিচর্যার কর্তব্যে নিয়োজিত, অথবা ভেটারেন অ্যাডমিনিস্ট্রেশন হসপিটালের নিরোধাগারে, জেল বা হাজত বাস, বিচারের অপেক্ষায় বা গ্র্যান্ড জুরি প্রক্রিয়াধিনে অথবা জেল শাস্তি ভোগ করছেন কোনো অপরাধে দোষী সাব্যস্থ হওয়ার কারণে বা অন্যায় কাজ যা গুরুতর অপরাধ যোগ্য নয় এমন কারনে ভোট কেন্দ্রে না যাওয়ার হয় তবে আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন।

অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দেয়ার দুইটি উপায় আছে : সশরীরে অথবা ডাক যোগে।

**অ্যাবসেন্টি ভোট ডাক যোগে দিতে চাইলে:** কল করুন 866-868-3692 ব্যালট আবেদনের অনুরোধের জন্য অথবা BOE–এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করুন। আবেদনটি পূরণ করে আপনার BOE এর বোরো অফিসে নির্দিষ্ট সময় সীমার মধ্যে পাঠিয়ে দিন। BOE আপানকে ডাক যোগে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। তা পূরণ করে নির্দিষ্ট সময় সীমার মধ্যে আপনার BOE বোরো অফিসে পাঠিয়ে দিন।

**সশরীরে যদি ভোট দিতে চান:** যখন থেকে ব্যালট হাতে আসে তখন থেকে অ্যাবসেন্টি ভোট দান শুরু হয় ( অন্তত্য নির্বাচনের ৩২ দিন আগে) এবং শেষ হয় নির্বাচনের দিনে। এটি আপনার BOE বোরো অফিসে সোম থেকে শুক্র, এবং নির্বাচনী দিনের আগের সপ্তাহের ছুটির দিনে সকাল ৯ টা থেকে বিকেল ৫ তা এবং নির্বাচনের দিনে রাত ৯টা পর্যন্ত পরিচালিত হয়।

**বিশেষ দ্রষ্টব্য:** যদি আপনার অ্যাবসেন্টি ব্যালট ডাক যোগে সংগ্রহ করার নির্দিষ্ট সময় সীমা পার হয়ে যায় এবং দুর্ঘটনা জনিত কারণে বা আকস্মিক অসুস্থতার কারণে নির্বাচনের দিনে আপনার নির্বাচনী কেন্দ্রে যেতে না পারেন তাহলে আপনার অনুমোদন পত্রসহ আপনার প্রতিনিধিকে আপনার পক্ষে অ্যাবসেন্টি ব্যালট সংগ্রহ করার জন্য BOE বোরো অফিসে পাঠাতে পারেন। আপনার BOE বোরো অফিসে নির্বাচনের দিনে রাত ৯ টার মধ্যে সম্পূর্ণ পূরণকৃত আবেদন এবং ব্যালট ফেরত দিতে হবে।